

## প্রেস বিজ্ঞপ্তি

৪৬৪ তম কমিশন সভা অদ্য ০৮/০১/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১. কমিশন আজকের সভায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর সংশোধনীর চূড়ান্ত অনুমোদন প্রদান করেছে। উক্ত সংশোধিত বিধিমালার বিস্তারিত কমিশনের ওয়েব সাইটে সংযুক্ত করা হয়েছে।
২. আজকের সভায় কমিশন, R.N. Spinning Mills Ltd. এর রাইট শেয়ার ইস্যু সংক্রান্ত আইন ভঙ্গের কারণে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

- ক) যে সকল স্পন্সর/পরিচালকগণ তাদের রাইট ইস্যুর নির্ধারিত চাঁদা (Subscription) প্রদান করতে ব্যর্থ হয়েছেন সে অংশটুকু বাদ দিয়ে রাইট ইস্যুর সাইজ নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এর ফলে R. N. Spinning Mills Ltd এর ইস্যু সাইজ ২৭৮ কোটি টাকা থেকে কমে ১২০ কোটি টাকায় নির্ধারিত হয়েছে;
- খ) কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালককে অপসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;
- গ) কোম্পানী সচিব কে অপসারণ এবং তাকে পরবর্তী ০৫ বছরের জন্য পুঁজিবাজার সংক্রান্ত কোন প্রতিষ্ঠানে দায়িত্ব পালন থেকে বিরত রাখার নির্দেশ প্রদান করা হয়েছে এবং
- ঘ) রাইট অফার সংক্রান্ত শর্তাবলীর সুস্পষ্ট লঙ্গন করে স্পন্সর/পরিচালকদের চাঁদার টাকা সময়মত জমা না দেওয়ার কারণে R.N. Spinning Mills Ltd. -কে Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 অনুযায়ী ১০ লক্ষ টাকা, পরিচালক মিসেস শিরিন ফারুক কে ২৫ লক্ষ টাকা এবং অন্য সকল পরিচালকের প্রত্যেককে ৫০ লক্ষ টাকা হারে জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়াও কমিশন, R.N. Spinning Mills Ltd. এর রাইট শেয়ার এর চাঁদা সংক্রান্ত Escrow হিসাবে ইস্যু সাইজ এর বাহিরে যে টাকা জমা আছে তা কোম্পানীতে ফেরৎ নেওয়ার সিদ্ধান্তও গ্রহণ করেছে।


৩. সভায় Phoenix Finance Ltd. এর রাইট শেয়ার (১R : ১০ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ১০টি শেয়ারের বিপরীতে ১টি রাইট শেয়ার) অনুমোদন করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে Phoenix Finance Ltd. কে কমিশন ৯২,০৪,১৩৯টি সাধারণ শেয়ার, প্রতিটি ১০ টাকা মূল্যে বাজারে ছেড়ে বাজার থেকে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। উল্লেখ্য যে, এক্ষেত্রে আলোচ্য কোম্পানীকে কমিশনের নোটিফিকেশন নং SEC/CMRRCD/2009-193/119/Admin/34 তারিখ ২২ নভেম্বর ২০১১ এবং নোটিফিকেশন নং SEC/CMRRCD/2009-193/120/Admin/35 তারিখ ০৭ ডিসেম্বর ২০১১ পরিপালন করতে হবে। এর মাধ্যমে কোম্পানিটি ৯,২০,৪১,৩৯০.০০ (নয় কোটি বিশ লক্ষ একচল্লিশ হাজার তিন শত নব্বই) টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক নন-ব্যাংক ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউট এর পরিশোধিত মূলধন ১০০ কোটি টাকা পর্যন্ত বৃদ্ধির শর্ত পূরণ করবে। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার এবং অবলেকক হিসেবে Bangladesh Mutual Securities Ltd. কাজ করছে।

৪. আজকের সভায় Fuwang Foods Limited এর শেয়ার লেনদেনে মূল্য কারসাজী করার জন্য Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 ভঙ্গের কারণে Section 22 অনুযায়ী নিম্নলিখিত ব্যক্তিদের নামের পাশে উল্লেখিত হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

- ক) জনাব আবু সাদাত মোঃ সায়েম ৬ লক্ষ টাকা
- খ) জনাব আব্দুল মুবিন মোল্লা ১২ লক্ষ টাকা
- গ) মিসেস মাহমুদা ইয়াসমিন ৪০ লক্ষ টাকা
- ঘ) ড্রিম হোল্ডিংস লিঃ ১৫ লক্ষ টাকা

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
জীবন বীমা টাওয়ার(১৪,১৫,১৬ ও ২০তম তলা)  
১০, দিলকুশা সি/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ

৫. সভায় কমিশন, Libra Infusions Limited এর শেয়ার লেনদেনে সিকিউরিটিজ সংক্রান্ত আইন ভঙ্গের জন্য বিনিয়োগকারী জনাব রতন কুমার সাহাকে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও সভায় Libra Infusions Limited এর শেয়ার লেনদেন সংক্রান্ত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর আচরণবিধি নং ৮ ভঙ্গ করায় রাস্টি সিকিউরিটিজ কনসালট্যান্ট লিঃ (ডিএসই সদস্য নং ২১৭) কে ১ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৬. কমিশন, Legacy Footwear Limited এর শেয়ার লেনদেনে মূল্য কারসাজী করার জন্য Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 ভঙ্গের কারণে Section 22 অনুযায়ী নিম্নলিখিত ব্যক্তিদের নামের পাশে উল্লেখিত হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ
- ক) জনাব মাহবুবুর রহমান ১৫ লক্ষ টাকা এবং  
খ) জনাব মোঃ মুজিবুল হক চৌধুরী ২ লক্ষ টাকা।
- এছাড়াও আজকের সভায় ইস্যুয়ার Legacy Footwear Limited কে ২০১০ সালের সঠিক শেয়ার প্রতি আয় (EPS) প্রকাশ না করার কারণে ৫ লক্ষ টাকা জরিমানা করা হয়।
৭. সভায় কমিশন R.N. Spinning Mills Ltd. এর শেয়ার লেনদেনে মূল্য কারসাজী করার জন্য Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 ভঙ্গের কারণে Section 22 অনুযায়ী বিনিয়োগকারী জনাব সৈয়দ সিরাজ উদ দৌলা কে ৩০ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৮. সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, এখন থেকে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীগণ সকল পাবলিক ইস্যুতে একক অথবা যৌথ হিসাবের যে কোনটি অথবা উভয়টি হতে সংরক্ষিত ২০% কোটায় আবেদন করতে পারবেন। তবে তাঁরা ইচ্ছা করলে ক্ষতিগ্রস্থ সংরক্ষিত ২০% কোটায় আবেদন না করে সাধারণ বিনিয়োগকারীদের জন্য নির্ধারিত কোটায়ও আবেদন করতে পারবেন। এছাড়াও এতদসংক্রান্ত হালনাগাদ তালিকা কমিশনের Website এ প্রকাশ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

  
০৫/০২/২০১৬  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র